গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল
(স্থানীয় সরকার শাখা)
www.tangail.gov.bd

নথি নং-০৫.৪১.৯৩০০.০১১.০২.০২৮.২৩.১২৫

তারিখ : ১০ চৈত্র ১৪৩০
২৪ মার্চ ২০২৪

## দরপত্র বিজ্ঞপ্তি

২০২৩-২০২৪ অর্থবছরে টাঙ্গাইল জেলার ১২ (বার) টি উপজেলায় কর্মরত ১১০২ (এক হাজার একশত দুই) জন গ্রামপুলিশের (দফাদার ও মহল্লাদার) তফশিল 'ক' বর্ণিত পোশাক/সরঞ্জামাদি (অত্র অফিসে সংরক্ষিত নমুনার অনুরূপ) এবং ০৬ (ছয়) টি উন্নতমানের বাই-সাইকেল সরবরাহের নিমিত্ত ব্যক্তি/প্রতিষ্ঠান/ব্যবসায়ী/সরবরাহকারী/ঠিকাদারের নিকট হতে PPR, 2008 (সর্বশেষ সংশোধনকৃত) এর নিয়মানুসারে নিম্নলিখিত শর্তানুযায়ী সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা হলো :

| ক্রমি নং | বিবরণ | | বিস্তারিত তথ্য |
|---|---|---|---|
| ০১. | মন্ত্রণালয়/বিভাগ | : | স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| ০২. | দরপত্র আহ্বানকারী | : | জেলা প্রশাসক, টাঙ্গাইল। |
| ০৩. | দরপত্র বিজ্ঞপ্তি | : | ২০২৩-২০২৪ অর্থবছরে টাঙ্গাইল জেলাধীন গ্রামপুলিশদের (দফাদার ও মহল্লাদার) পোশাক ও সরঞ্জামাদি এবং বাই-সাইকেল সরবরাহ। |
| ০৪. | সংগ্রহ পদ্ধতি | : | উম্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি |
| ০৫. | টেন্ডার প্যাকেজ সংখ্যা | : | ০১ টি |
| ০৬. | দরপত্র প্রকাশের তারিখ | : | ২৭/০৩/২০২৪ খ্রি. |
| ০৭. | ১ম পর্যায়ে দরপত্র/সিডিউল বিক্রয়ের শুরু ও শেষ তারিখ ও সময় | : | ২৮/০৩/২০২৪ হতে ২৮/০৪/২০২৪ খ্রি. অফিস চলাকালিন সময় পর্যন্ত। |
| ০৮. | ১ম পর্যায়ে দরপত্র/সিডিউল গ্রহণের শেষ তারিখ ও সময় | : | ২৯/০৪/২০২৪ খ্রি. দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত। |
| ০৯. | ১ম পর্যায়ে দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | : | ২৯/০৪/২০২৪ খ্রি. বিকাল ৪:০০ ঘটিকা। উপপরিচালক, স্থানীয় সরকার, টাঙ্গাইল এর অফিস কক্ষ (কক্ষ নং-২০১)। |
| ১০. | ২য় পর্যায়ে দরপত্র/সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময় | : | ০৫/০৫/২০২৪ খ্রি. হতে ১২/০৫/২০২৪ খ্রি. অফিস চলাকালিন সময় পর্যন্ত। |
| ১১. | ২য় পর্যায়ে দরপত্র/সিডিউল গ্রহণের শেষ তারিখ ও সময় | : | ১৩/০৫/২০২৪ খ্রি. দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত। |
| ১২. | ২য় পর্যায়ে দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | : | ১৩/০৫/২০২৪ খ্রি. বিকাল ৪:০০ ঘটিকা। উপপরিচালক, স্থানীয় সরকার, টাঙ্গাইল এর অফিস কক্ষ (কক্ষ নং-২০১)। |
| ১৩. | দরপত্র/সিডিউলের মূল্য | : | ৩, ০০০/- (তিন হাজার) টাকা । যা অফেরতযোগ্য। |
| ১৪. | পোশাক ও সরঞ্জামাদি সরবরাহের মেয়াদ কাল | : | কার্যাদেশ প্রদানের তারিখ হতে পরবর্তী ৪৫ (পঁয়তাল্লিশ) দিন |
| ১৫. | দরপত্র/সিডিউল বিক্রয়কারী অফিসের নাম ও ঠিকানা | : | (ক) বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকায় অবস্থিত পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ, ঢাকা-এর দপ্তর।<br>(খ) জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল (স্থানীয় সরকার শাখা, কক্ষ নং-১০৫) |
| ১৬. | দরপত্র গ্রহণের স্থান সমূহ | : | (ক) বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকায় অবস্থিত পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ, ঢাকা-এর দপ্তর।<br>(খ) জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল এর উপপরিচালক, স্থানীয় সরকার এর অফিস কক্ষ নং-২০১) |

## তফশিল 'ক'

| ক্রমিক নং | পোশাক ও সরঞ্জামাদি বিবরণ | সংখ্যা | জামানতের পরিমাণ | কার্য-সম্পাদনের মেয়াদকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১. | দফাদার ও মহল্লাদারদের ব্যক্তিগত শারীরিক মাপ অনুযায়ী স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরবরাহকৃত টিসি কাপড়ের নমুনা মোতাবেক **ফুল প্যান্ট** (লুপ ও পিছনে ১টি পকেটসহ মোট ৩ পকেট বিশিষ্ট) | ২০৮৪ পিছ | ৪,৫০,০০০/- | ৪৫ (পঁয়তাল্লিশ) দিন |
| ০২. | দফাদার ও মহল্লাদারদের ব্যক্তিগত শারীরিক মাপ অনুযায়ী স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরবরাহকৃত টিসি কাপড়ের নমুনা মোতাবেক **ফুল শার্ট** (ঢাকনাসহ ২ পকেট বিশিষ্ট, উভয় কাঁধের উপর ১ টি করে ৬"x২" পরিমাপের ফিতাসহ) | ১০৪২ পিছ | | |
| ০৩. | দফাদার ও মহল্লাদারদের ব্যক্তিগত শারীরিক মাপ অনুযায়ী স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরবরাহকৃত টিসি কাপড়ের নমুনা মোতাবেক **হাফ শার্ট** (ঢাকনাসহ ২ পকেট বিশিষ্ট, উভয় কাঁধের উপর ১ টি করে ৬"x২" পরিমাপের ফিতাসহ) | ১০৪২ পিছ | | |
| ০৪. | দফাদার ও মহল্লাদারদের জন্য (পুরুষ ও মহিলা) উন্নতমানের সোল্ডার ব্যাচ (পারপেল কালার (Four Pointed Cross) | স্টারসহ ব্যাচ-১০৮ জোড়া<br>ব্যাচ-৯৯৪ জোড়া | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (পারপেল কালার (Four Pointed Cross) | | |
| ০৫. | দফাদার ও মহল্লাদারদের (পুরুষ ও মহিলা) উন্নতমানের সবুজ কাপড়ের রিবন (স্টারসহ)(পারপেল কালার (Four Pointed Cross) এর মধ্যে দোয়েল আকাশি রং এবং গ্রামপুলিশ লেখাটি সাদা রং এর হবে) | স্টারসহ ব্যাচ-১০৮ জোড়া<br>ব্যাচ-৯৯৪ জোড়া | | |
| ০৬. | উন্নতমানের বেল্ট | ১১০২ টি | | |
| ০৭. | মাথার ক্যাপ (মনোগ্রামসহ) | ১১০২ টি | | |
| ০৮. | মহিলা মহল্লাদারদের জন্য নারী পুলিশের ন্যায় উন্নতমানের ২টি করে শাড়ি | শাড়ি-১২০ টি | | |
| ০৯. | মহিলা মহল্লাদারদের জন্য নারী পুলিশের ন্যায় উন্নতমানের ২টি করে পেটিকোট | পেটিকোট-১২০ টি | | |
| ১০. | মহিলা মহল্লাদারদের জন্য নারী পুলিশের ন্যায় উন্নতমানের ২টি করে ব্লাউজ | ব্লাউজ-১২০ টি | | |
| ১১. | দফাদার ও মহল্লাদারদের উন্নতমানের কাপড়ের জুতা (পুরুষ) | পুরুষ-১০৪২ জোড়া | | |
| ১২. | দফাদার ও মহল্লাদারদের উন্নতমানের কাপড়ের জুতা (মহিলা) | মহিলা-৬০ জোড়া | | |
| ১৩. | দফাদার ও মহল্লাদারদের জন্য উন্নতমানের মোজা (পুরুষ) | ১০৪২ জোড়া | | |
| ১৪. | দফাদার ও মহল্লাদারদের জন্য উন্নতমানের মোজা (মহিলা) | ৬০ জোড়া | | |
| ১৫. | রেইন কোর্ট | ১১০২ টি | | |
| ১৬. | উন্নতমানের সাইড ব্যাগ | ১১০২ টি | | |
| ১৭. | ছাতা (মনোগ্রামসহ) | ১১০২ টি | | |
| ১৮. | লায়নার বাঁশি | ১১০২ টি | | |
| ১৯. | বেতের লাঠি | ১১০২ টি | | |
| ২০ | নাম ফলক | ১১০২ টি | | |
| ২১. | পুরুষ গ্রাম পুলিশদের জন্য বাই-সাইকেল : Supplying best quality (RFL. duronto or equivalent) original quality bicycle with size (28"x1.5", Rim = steel, type, body-steel, built in kick stand with carrier, bell, lock-zongly (china) and Fork guard, Colour-black etc. all complete as per direction of the EIC for man | পুরুষ-০৬ | | |

**দরপত্র দাতার যোগ্যতা :**

১) (ক) দরপত্র দাতাকে গ্রামপুলিশ সদস্যদের পোশাক ও সরঞ্জামাদি এবং বাই-সাইকেল সরবরাহের ক্ষেত্রে পিপিআর পিজি-৩ এর আইটিটি ১৪.১(এ) ও ১৪.১ (বি) এর আলোকে যে, কোন সরকারি প্রতিষ্ঠানের ১,০,৫,০০,০০০/- (এক কোটি পাঁচ লক্ষ) বা তদূর্ধ্ব টাকার গ্রামপুলিশদের পোশাক ও সরঞ্জামাদি সরবরাহকারী হিসাবে অথবা সমজাতীয় মালামাল সরবরাহ করেছেন মর্মে গত ০৫ (পাঁচ) বছরের মধ্যে ন্যূনতম ০৩ (তিন) টি একক কার্যাদেশ ও ০৩ (তিন) টি অভিজ্ঞতার সনদ দাখিল করতে হবে।

(খ) দরপত্র দাতার সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি দাখিল করতে হবে।

(গ) গ্রামপুলিশের পোশাক ও সরঞ্জামাদি এবং বাই-সাইকেল সরবরাহের জন্য দরপত্র দাতাকে হালনাগাদ আয়কর পরিশোধের সনদ পত্র, দরপত্র দাখিলের ২১ (একুশ) দিন পূর্বের ইস্যুকৃত পিপিআর পিজি-৩ এর আইটিটি ১৫.১ (এ) এর আলোকে কমপক্ষে ১,০৮,০০,০০০/- (এক কোটি আট লক্ষ) টাকার ব্যাংক তারল্য/স্থিতি সংক্রান্ত প্রত্যয়নপত্র ও ০৬ (ছয়) মাসের লেনদেনের হিসাব বিবরণী, ট্রেড লাইসেন্স, টিআইএন, ভ্যাট রেজিস্ট্রেশন ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি দরপত্রের সাথে দাখিল করতে হবে।

(ঘ) পিপিআর-২০০৮ মোতাবেক দরপত্র দাতার সকল যোগ্যতা থাকতে হবে।

২) যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

৩) এই দরপত্র সংক্ষিপ্ত, দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্য এবং শর্তাবলী দরপত্র সিডিউলে বর্ণিত থাকবে।

৪) ১ম পর্যায়ে যোগ্য ও কাঙ্খিত দরদাতা পাওয়া না গেলে ২য় পর্যায়ে দরপত্র গ্রহণ করা হবে। ১ম পর্যায়ে যোগ্য ও কাঙ্খিত দরদাতা পাওয়া গেলে ২য় পর্যায় প্রযোজ্য হবে না।

৫) পোশাক ও সরঞ্জামাদি এবং বাই-সাইকেল এর সংখ্যা বাড়ানো অথবা কমানোর বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

৬) দরপত্রের সাথে সকল প্রকার পোশাকের ও অন্যান্য সরঞ্জামাদি এবং বাই-সাইকেল (পুরুষ) ০১ (এক) পিছ/জোড়া করে নমুনা জমা দিতে হবে।

৭। দরপত্রে স্পষ্টভাবে উদ্ধৃত দর অংকে ও কথায় লিখিতে হবে

৮। দরপত্রে কোন কাটাকাটি ও ঘষামাজা করা যাবে না।

৯। দরপত্র বিজ্ঞপ্তিটি প্রকাশের তারিখের পরবর্তীতে জেলা প্রশাসক, টাঙ্গাইল এর ওয়েব সাইট www.dctangail.gov.bd এ পাওয়া যাবে।


মোঃ কায়ছারুল ইসলাম
জেলা প্রশাসক
টাঙ্গাইল।
ফোন : ০২৯৯৭৭১৪৯০২
dctangail@mopa.gov.bd

নথি নং-০৫.৪১.৯৩০০.০১১.০২.০২৮.২৩.১২৫/১ (৮৬).

তারিখ : ১০ চৈত্র ১৪৩০ / ২৪ মার্চ ২০২৪

অনুলিপি সদয় অবগতির জন্য :

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ, ঢাকা।
অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য অনুরোধসহ প্রেরণ করা হলো :
০৪। জেলা প্রশাসক, ------------------------------ (সকল)
০৫। পুলিশ সুপার, টাঙ্গাইল।
০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, টাঙ্গাইল।
০৭। সিভিল সার্জন, টাঙ্গাইল।
০৮। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/সওজ/এলজিইডি/শিক্ষা প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, টাঙ্গাইল।
০৯। ---------------------------------------------------- (জেলা পর্যায়ের সকল কর্মকর্তা, টাঙ্গাইল।
১০। উপজেলা নির্বাহী অফিসার, --------------------------- (সকল), টাঙ্গাইল।
১১। সম্পাদক,The Business Standard (Daily), দৈনিক সমকাল (জাতীয়) ও দৈনিক মজলুমের কন্ঠ (স্থানীয়), ঢাকা/টাঙ্গাইল। তাঁকে অত্র বিজ্ঞপ্তিটি সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত তাঁর পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে ০১ (এক) দিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১২। ওয়েব সাইট/নোটিশ বোর্ড।

মোঃ কায়ছারুল ইসলাম
জেলা প্রশাসক
টাঙ্গাইল।
ফোন : ০২৯৯৭৭১৪৯০২
dctangail@mopa.gov.bd

## দরপত্রের নিয়ম ও শর্তাবলী

০১। দরপত্র অবশ্যই সীলমোহরযুক্ত খামে দাখিল করতে হবে এবং খামের উপর "গ্রামপুলিশ (দফাদার ও মহল্লাদার)-দের জন্য পোশাক ও সরঞ্জামাদি এবং বাই-সাইকেল সরবরাহের দরপত্র" উল্লেখ থাকতে হবে।

০২। দফাদার ও মহল্লাদারদের ব্যক্তিগত শারিরীক মাপ ঠিকাদার কর্তৃক নিজ ব্যয়ে প্রতি উপজেলার হতে সংগ্রহপূর্বক উক্ত শারীরিক মাপ মোতাবেক পোশাক ও সরঞ্জামাদি তৈরী করে সরবরাহ করতে হবে।

০৩। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র/সিডিউল বিক্রয় করা হবে না।

০৪। দরপত্র তুলনামূলক বিবরণী এবং নমুনা সমূহের গুণগতমান বিবেচনায় প্রাপ্ত বাজেট মোতাবেক চাহিত যাবতীয় মালামাল নির্ধারিত সময়ে সরবরাহ নিশ্চিত করতে হবে।

০৫। দরপত্র দাতা প্রতিষ্ঠান সরাসরি কোন অফিস কর্তৃক মামলাপ্রাপ্ত/কালো তালিকাভুক্ত হলে তার দরপত্র বাতিল বলে গণ্য হবে। দরপত্র দাতাকে সরাসরি কোন অফিস কর্তৃক মামলাপ্রাপ্ত/কালো তালিকাভুক্ত নয় এই মর্মে অঙ্গীকার নামা দরপত্রের সাথে দাখিল করতে হবে।

০৬। সকল প্রকার পোশাক ও সরঞ্জামাদি নিজ ব্যয়ে ঠিকাদারকে প্রাথমিকভাবে জেলা প্রশাসকের কার্যালয়ে সরবরাহ করতে হবে। গুণগতমান যাচাইয়ের পর তা যথাযথ প্রাপ্তি সাপেক্ষে সেগুলি প্রতিটি উপজেলায় পৌছাতে হবে।

০৭। ফুল প্যান্টের পিছনে ১টি পকেট এবং স্বাভাবিক নিয়মে ২টি পকেটসহ মোট ৩টি পকেট দিতে হবে এবং ফুল শার্টে ২টি করে স্বাভাবিক নিয়মে ২টি ঢাকনাসহ পকেট ও উভয় কাঁধের উপর ৬"x২" পরিমাপের একটি করে ফিতা দিতে হবে।

০৮। ফুল প্যান্টের কোমরের ইন্টার লাইনিং এবং পকেট কালার ম্যাচিং গ্যাবারডিন কাপড়ের হতে হবে।

০৯। কার্যাদেশ প্রাপ্তির ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে গৃহীত দরপত্র দাতা/ঠিকাদারকে যাবতীয় পোশাক ও সরঞ্জামাদি সরবরাহ করতে হবে। আংশিক মালামাল গ্রহণ বা আংশিক বিল প্রদান করা হবে না। সরবরাহকৃত পোষাক ও সরঞ্জামাদি ছোট-বড় হলে প্রয়োজন অনুসারে উহা অবহিত হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে পরিবর্তন করে সঠিক মাপ মোতাবেক পুনরায় সরবরাহ করতে হবে।

১০। গৃহীত দরপত্র দাতা কৃর্তক সরবরাহকৃত পোশাক ও সরঞ্জামাদির গুণাগুণ নিম্নমানের হলে (নমুনার চেয়ে) উহা গ্রহণ করা হবে না এবং কার্যাদেশ বাতিলপূর্বক জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।

১১। গৃহীত দরপত্র দাতা/ঠিকাদার কর্তৃক সরবরাহকৃত পোশাক ও সরঞ্জামাদি উন্নতমানের মর্মে কমিটি কর্তৃক বিবেচিত ও গৃহীত হওয়ার পর বিভাজন মোতাবেক পোশাক ও সরঞ্জামাদি নিজ ব্যয়ে ঠিকাদারকে সংশ্লিষ্ট সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সরবরাহ করে প্রাপ্তি স্বীকারপত্র এ অফিসে জমা দিতে হবে।

১২। দরপত্রের উল্লিখিত পোশাক ও সরঞ্জামাদির পরিমাণ দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত পরিমাণের কম বা বেশি অথবা যে কোন পরিবর্তন হতে পারে। তাতে ঠিকাদার কোন আপত্তি করতে পারবেন না এবং তিনি গৃহীত মূল্যে নির্দিষ্ট সংখ্যক পোশাক ও সরঞ্জামাদি সরবরাহ করতে বাধ্য থাকবেন। কোন আইটেম সম্পূর্ণ বা আংশিক বাদ দিলেও ঠিকাদার কোন প্রকার আপত্তি করতে পারবেন না।

১৩। আয়কর ও ভ্যাটসহ সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য পাওনাদি বিধি মোতাবেক ঠিকাদারের চূড়ান্ত বিল হতে কর্তন করে রাখা হবে।

১৪। ঠিকাদারের বিল হতে জামানত বাবদ ১০% পারফরমেন্স গ্যারান্টি/পে-অর্ডার চূড়ান্ত বিল পরিশোধের ৩ (তিন) মাস পর ফেরত প্রদান করা হবে।

১৫। দরপত্র দাখিলকারীকে ৪,৫০,০০০/- (চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা টেন্ডার সিকিউরিটি জমা দিতে হবে।

১৬। দরপত্র বিজ্ঞপ্তিটি প্রকাশের তারিখের পরবর্তীতে জেলা প্রশাসক, টাঙ্গাইল এর ওয়েব সাইট www.dctangail.gov.bd এ পাওয়া যাবে।

২৮/০৩/২০২৪

মোঃ কায়ছারুল ইসলাম
জেলা প্রশাসক
টাঙ্গাইল।
ফোন : ০২৯৯৭৭১৪৯০২
dctangail@mopa.gov.bd